

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৭৬০০.০০০.১৪.০৬৩.১৫. ২০২০

কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
তারিখ: ৩০ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থ বছরে পাবনা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র: পাবনা জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০২.১৪.০০৬.১৭.৪০০, তারিখ: ১২/১০/২০১৭।

২০১৭-২০১৮ অর্থ বছরে পাবনা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ২,৩৫,০০,০০০/- (দুই কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ১২৫টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহ:

- ১) ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, পাবনা কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
- ৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ পাবনা এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

(আনজুমান আরা)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email:lgzpz@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পাবনা।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।